বিল্ডিং কোড অনুসরণ
নিশ্চিত করে নিরাপদ ভবন

হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট
HOUSING AND BUILDING RESEARCH INSTITUTE (HBRI)
Ministry of Housing and Public Works

স্মারক নং: ২৫.৪৪.২৬০০.০০০.০৬.১০৫.১৭-পি.আর.ই-১৮৭ তারিখ: ২০ মে ২০২১ খ্রিস্টাব্দ

**বিষয়ঃ হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউটের বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২০-২০২১ এর আওতায় বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগের ডকুমেন্টেশন ও প্রকাশনা প্রেরণ প্রসঙ্গে।**

সম্মান সহকারে উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে জানাচ্ছি যে, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রনালয়ের আওতাধীন হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউটের বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২০-২০২১ এর কার্যক্রম নং ১৪.১ অনুযায়ী অত্র প্রতিষ্ঠানের ২০২০-২১ সালে বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগ 'জনস্বার্থে দেশব্যাপী পরিবেশবান্ধব কনক্রিট ব্লক প্রস্তুতকারী প্রতিষ্ঠানসমূহের তথ্য সম্বলিত ডিজিটাল ম্যাপ প্রণয়ন' প্রকল্পের ডকুমেন্টেশন ও প্রকাশনা অত্র প্রতিষ্ঠানের ওয়েবসাইটে প্রকাশপূর্বক আপনার সদয় অবগতির জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা অনুযায়ী

২০/০৫/২০২১
(প্রকৌশলী মোঃ সাখাওয়াৎ হোসেন)
প্রিন্সিপাল রিসার্চ ইঞ্জিনিয়ার
ও ইনোভেশন অফিসার
হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট

সচিব
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃষ্টি আকর্ষণঃ
জনাব মোঃ মমতাজ উদ্দিন এনডিসি, যুগ্মসচিব (প্রশাসন) ও চিফ ইনোভেশন অফিসার, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি অবগতির জন্য প্রেরণ করা হলোঃ
১। সচিবের একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জনাব মিহির কান্তি সরকার, সিস্টেম এনালিস্ট ও সদস্য সচিব, ইনোভেশন টীম, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।
৩। মহা পরিচালকের ব্যক্তিগত সহকারী, এইচবিআরআই, মিরপুর, ঢাকা।
৪। সংশ্লিষ্ট নথি এবং ওয়েবসাইট।

120/3 Darus Salam, Mirpur, Dhaka-1216, Bangladesh
Tel: +880-2-58055245, Fax: 880-2-58055194
e-mail: dg@hbri.gov.bd
website: www.hbri.gov.bd



উদ্ভাবকগণের নাম ও পদবী



মনজুর পারভেজ
রিসার্চ আর্কিটেক্ট



মোঃ নাঈম হোসাইন
রিসার্চ এসোসিয়েট



মোঃ শাহ আলম
রিসার্চ এসোসিয়েট

# হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট

**HOUSING AND BUILDING RESEARCH INSTITUTE (HBRI)**

## গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়



মোঃ আশরাফুল আলম
মহাপরিচালক

## হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট এর ২০২০-২১ সালের ইনোভেশন টীম



মোঃ সাখাওয়াৎ হোসেন
প্রিন্সিপাল রিসার্চ ইঞ্জিনিয়ার ও ইনোভেশন অফিসার



সৈয়দা সায়েকা বিনতে আলম
প্রোজেক্ট অফিসার



আহসান হাবীব
সিনিয়র রিসার্চ অফিসার



মোঃ আরিফুজ্জামান
সিনিয়র রিসার্চ ইঞ্জিনিয়ার



মনজুর পারভেজ
রিসার্চ আর্কিটেক্ট



মোঃ শাহ আলম
রিসার্চ এসোসিয়েট


হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট

HOUSING AND BUILDING RESEARCH INSTITUTE (HBRI)

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়




২০২০-২১ সালের উদ্ভাবনী উদ্যোগ:
জনস্বার্থে দেশব্যাপী পরিবেশ বান্ধব কনক্রিট ব্লক প্রস্তুতকারী প্রতিষ্ঠান সমূহের অবস্থান ও যোগাযোগের তথ্য সম্বলিত ডিজিটাল ম্যাপ প্রনয়ন


হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট

HOUSING AND BUILDING RESEARCH INSTITUTE (HBRI)


গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়



## উদ্ভাবনের শিরোনামঃ


## জনস্বার্থে দেশব্যাপী পরিবেশ বান্ধব কনক্রিট ব্লক প্রস্তুতকারী প্রতিষ্ঠান সমূহের অবস্থান ও যোগাযোগের তথ্য সম্বলিত ডিজিটাল ম্যাপ প্রনয়ন

হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউটের বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২০-২১ এর আওতায় বার্ষিক উদ্ভাবনী উদ্যোগ হিসাবে বাস্তবায়নাধীন সারা দেশে কনক্রিট ব্লক প্রস্তুতকারী প্রতিষ্ঠানসমূহের তথ্য সংগ্রহ এবং ডিজিটাল ম্যাপ প্রণয়ন প্রকল্প



## উদ্ভাবনের বিবরণঃ

হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট বাংলাদেশে গৃহায়ন ও ভবন নির্মাণ সেক্টরে একমাত্র গবেষণা প্রতিষ্ঠান হিসাবে সুদীর্ঘ সময় যাবত পরিবেশবান্ধব নির্মান উপকরণের প্রসারে কাজ করে চলেছে। প্রচলিত পোড়া মাটির ইট তৈরিতে কৃষি জমির উর্বর টপ সয়েল ব্যবহৃত হয়, যার ফলে উর্বর কৃষি জমির পরিমাণ ভয়াবহভাবে হ্রাস পাচ্ছে এবং এই মাটি ইট ভাটায় পোড়ানর ফলে পরিবেশ মারাত্মকভাবে দুষিত হচ্ছে। পোড়া মাটির বিরূপ এই প্রভাব থেকে দেশকে মুক্ত করতে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশে ২০১৯ থেকে ২০২৫ সালের মধ্যে পোড়া মাটির ব্যবহার সম্পূর্ণ ভাবে বন্ধ করার লক্ষ্যকে সামনে রেখে সরকারি নির্মান, মেরামত ও সংস্কার কাজে ক্রমবর্ধমান হারে পরিবেশবান্ধব কনক্রিট ব্লক ব্যবহার বাধ্যতামূলক করা হয়েছে। পরিবেশ ও কৃষি জমি রক্ষার্থে এই নির্দেশের বাস্তবায়নের ক্ষেত্রে একটি চ্যালেঞ্জ হলো দেশের সর্বত্র ও সর্ব সাধারনের কাছে এই কনক্রিট ব্লকের প্রাপ্তি নিশ্চিতকরণ। কনক্রিট ব্লক তুলনামূলকভাবে অপ্রচলিত হবার দরুন দেশের তৃণমূল পর্যায়ে অনেক নির্মাণকারী কর্মী, প্রতিষ্ঠান এবং সর্বোপরি সাধারণ মানুষ কনক্রিট ব্লকের প্রাপ্তিস্থানের ব্যাপারে জ্ঞাত নন, উপরন্তু অনেক ক্ষুদ্র উদ্যোক্তা, যারা কনক্রিট ব্লক প্রস্তুত করছেন কিন্তু সেই তথ্য সাধারণ মানুষের কাছে পৌঁছে দিতে ব্যর্থ হচ্ছেন। এদিকে রাজধানী ভিত্তিক প্রতিষ্ঠিত কনক্রিট ব্লক প্রস্তুতকারী প্রতিষ্ঠানসমূহ তাদের প্রাতিষ্ঠানিক নামের কারণে পরিচিতি পেলেও, দুরবর্তী পর্যায়ে ব্লক পৌঁছে দিতে অতিরিক্ত পরিবহন খরচের কারণে ব্লকের দাম সাশ্রয়ী রাখতে ব্যর্থ হচ্ছেন। এই সকল সমস্যার সমাধানে এবং সাশ্রয়ী মূল্যে দেশের সর্বত্র ব্লকের প্রাপ্তি নিশ্চিত করতে হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট দেশব্যাপী কনক্রিট ব্লক প্রস্তুতকারী প্রতিষ্ঠানসমূহের অবস্থান ও তথ্য সম্বলিত ডিজিটাল ম্যাপ প্রণয়ন করেছে। এই ডিজিটাল ম্যাপের মাধ্যমে এখন দেশের যেকোনো প্রান্ত থেকে বসে একজন মানুষ সহজেই তার নিজ এলাকার কাছাকাছি ব্লক প্রস্তুতকারী প্রতিষ্ঠানের সকল তথ্য এবং সঠিক লোকেশন খুঁজে পাবেন। জনগনের দোরগোড়ায় সেবা বর্তমান সরকারের এই উদ্দেশ্যকে সফল করতে হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট কর্তৃক প্রণীত এরূপ ডিজিটাল তথ্য ভান্ডার নির্মাণ উপকরণ সেক্টরে বাংলাদেশে প্রথম, যার মাধ্যমে উপকৃত হবেন নির্মাণকর্মী, প্রতিষ্ঠান, অসংখ্য ক্ষুদ্র উদ্যোক্তা এবং সর্বোপরি সাধারণ মানুষ।




www.

## CONCRETE BLOCK MANUFACTURERS IN BANGLADESH

DIGITAL DATA ARCHIVING & MAPPING PROJECT BY
**HOUSING AND BUILDING RESEARCH INSTITUTE (HBRI)**

**CLICK ON THE FOLLOWING LINK:**

http://www.hbri.gov.bd/site/page/f2e46c8a-78ae-45e8-ab78-7c7ad4f7b6a4/Concrete-Block-Manufacturers-Mapping